দৈনিক ইত্তেফাক

তারিখ ... 31 MAY 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

# একজন শ্যামল কান্তি ভক্ত এবং এমপিওভুক্ত শিক্ষক সমাজ

নারায়ণগঞ্জ জেলার বন্দর উপজেলাধীন পিয়ার সাত্তার লতিফ উচ্চ বিদ্যালয়ের প্রধানশিক্ষক শ্যামল কান্তি ভক্তকে এমপির থাপ্পর মারা, কান ধরে উঠ-বস করানো এবং সাময়িক বরখাস্ত করার বিষয়টি বেসরকারি শিক্ষকদের জীবনে পৃথক কোনো ঘটনা নয়। স্কুলের ক্ষেত্রে ম্যানেজিং কমিটি আর কলেজের ক্ষেত্রে গভর্নিং বডি প্রতিষ্ঠান পরিচালনা ও নিয়ন্ত্রণের নামে ব্যতিক্রম বাদে এ ধরনের ঘটনাই ঘটান। অধিকাংশ বেসরকারি শিক্ষক এদের দ্বারা বিদ্যমান ব্যবস্থায় অপমানিত হন, লাঞ্ছিত ও হয়রানির শিকার হন। শ্যামল কান্তি ভক্তকে কান ধরে উঠ-বসের ঘটনাটি মিডিয়ার কল্যাণে আলো না পেলে এবং দেশব্যাপী তোলপাড় সৃষ্টি না হলে তাঁরও রক্ষা ছিল না। শ্যামল কান্তি ভক্তের রক্ষা পাওয়ার বিষয়টিও একেবারেই ব্যতিক্রম। তাই বেসরকারি শিক্ষকদের মান-মর্যাদা সহকারে চাকরি রক্ষায় পরিচালনা ও নিয়ন্ত্রণে বিদ্যমান ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি পদ্ধতির আমূল পরিবর্তনের বিষয়ে মাননীয় শিক্ষামন্ত্রী ও শিক্ষা সচিবের সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

**মাহবুবুল হক,**
মাহমুদা মঞ্জিল, কাজীপাড়া, ... ন্দা, বরিশাল